

# সূর্য পৃথিবী ও প্রাণ

সূর্য পৃথিবীর 'পরে প্রতিটি মুহূর্তে  
অনেক যে উদ্ভাপ ছড়ায়  
ঘুমন্ত ভোরের হাঙ্কা আলোয়  
প্রকৃতিকে যখন জাগায়  
সমুদ্রের জল উদ্বেলিত হয়ে  
নিজস্ব ডানায় ডানায়  
মেঘ হ'য়ে তখন আকাশে যায় উড়ে  
দিগন্তের নানান দিশায়।

নেচে গেয়ে নানান সুরে অনন্ত আকাশ ঘুরে  
পর্বতে যখন জিরায়  
ধরিত্রীর ডাকে ঘরে ফেরার ঝোঁকে  
জননীর মহামমতায়  
বাষ্পের কণা বিবর্তিত হয়  
কোটি কোটি বৃষ্টির ফোঁটায়।  
পৃথিবীর 'পরে স্রোতস্বিনীর বেশে জলধির সে প্রবাহ  
মহাবেগে ধেয়ে, সাগরে মিলায়, প্রবহমানা সেই দেহ।

মহাবিবর্তনের এই চক্রবৎ চলন  
সুনিপুণ শৃঙ্খলায়  
ধরিত্রীর প্রাণ প্রাণবন্ত সদা  
সীমাহীন সজীবতায়!  
প্রকৃতির যতো দিকে দিকে প্রাণ  
প্রকাশিত প্রত্যয়িতায়  
বিখাতার আশীষ শৃঙ্খলাবৃত্ত  
ব্রহ্মাণ্ডের প্রতিটি কণায়।